গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার
রামগতি, লক্ষ্মীপুর।
www.ramgati.lakshmipur.gov.bd

স্মারক নং-৩১.৪২.৫১৭৩.০০০.৯৯.০০৮.২৬- ২৪৯ তারিখ: ০৩ মার্চ, ২০২৬ খ্রি.

সূত্র: ১। ভূমি মন্ত্রণালয়, সায়রাত-০১ অধিশাখা, ঢাকার স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪; তারিখ: ২৩-১১-২০২৫ খ্রি.

২। বাংলাদেশ গেজেট, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ শাখার প্রজ্ঞাপন, তারিখ: ৩১ ফাল্গুন ১৪১৮/১৪ মার্চ ২০১২

## "জলমহাল ইজারার বিজ্ঞপ্তি-২০২৬"

জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এর আলোকে অনুর্ধ্ব ২০ একর পর্যন্ত বদ্ধ খাস জলমহাল ০৩ (তিন) বছর ( ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ) মেয়াদের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে পুনরায় আবেদন/দরপত্র আহবান করা যাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

**উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০.০০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ পুকুর/জলমহাল আবেদন/দরপত্র গ্রহণ ও দাখিল সংক্রান্ত সময়সূচি:**

| সিডিউল/দরপত্র গ্রহণের পর্যায় | সিডিউল/দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | সিডিউল/দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় | সিডিউল/দরপত্র খোলার তারিখ ও সময় | সিডিউল/দরপত্র ফরম প্রাপ্তি ও দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২য় পর্যায় | ১২-০৩-২০২৬ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ১৫-০৩-২০২৬ তারিখ দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত | ১৫-০৩-২০২৬ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকা | জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর, উপজেলা নির্বাহী অফিসের কার্যালয়, রামগতি এবং রামগতি থানা, লক্ষ্মীপুর। |
| ৩য় পর্যায় | ২৪-০৩-২০২৬ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ২৫-০৩-২০২৬ তারিখ দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত | ২৫-০৩-২০২৬ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকা | |

**০৩ (তিন) বছর মেয়াদী ১৪৩৩ বঙ্গাব্দ হতে ১৪৩৫ বঙ্গাব্দের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা:**

| ক্রম | জলমহালের নাম | অবস্থান | আয়তন (একর) | ৫% বর্ধিত হারে ০৩ বছরের সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | চর আলেকজান্ডার বাজার খাস পুকুর। | চর আলেকজান্ডার মৌজার ০১ নং খাস খতিয়ানভুক্ত | দাগ নং- ৫১৩১, জমি পরিমাণ: ০.৩৬৮৭ | ৩০,৪৫০/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০২ | চর আফজল খাস পুকুর। | চর আফজল ফকিরা মৌজার ০১ নং খাস খতিয়ানভুক্ত | দাগ নং- আর. এস ১২১৬, জমি পরিমাণ: ০.২৯ একর | ৭,৪৫৫/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |

CamScanner

## শর্তাবলী

০১। জলমহাল ইজারা গ্রহিতা সমিতি বছরের যে কোন সময় জলমহাল ইজারা গ্রহণ করলেও ঐ বছরের ১লা বৈশাখ হতে ইজারা/বন্দোবস্ত প্রদান করা হয়েছে হিসেবে গণ্য করা হবে।

০২। জলমহালসমূহ নিবন্ধিত (সমবায়/সমাজসেবা অধিদপ্তর) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা দেয়া হবে। কোন মৎস্যজীবী সমিতি পাওয়া না গেলে (ক) বেকার যুবক (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান (গ) যুব মহিলা (ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্ত (ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য (চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তির সমিতি/সংগঠনকে ইজারা দেয়া হবে।

০৩। যেকোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার এর বিনিময়ে (অফেরৎযোগ্য) উপরে বর্ণিত কার্যালয়সমূহ হতে উল্লিখিত তারিখ অফিস চলাকালীন সময়ে আবেদন/দরপত্র ক্রয় করা যাবে।

০৪। আবেদনে উদ্বৃত মূল্যের উপর ২০% হারে জামানত উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/অর্ডারসহ আবেদনপত্র জমা দিতে হবে। জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৫। প্রস্তাবিত মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে।

০৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির বেশী জলমহাল ইজার গ্রহণ করতে পারবেন না।

০৭। জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী সমিতি/সংগঠনকে সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কর্যক্রমে অংশ গ্রহণ করতে হবে। ভবিষ্যতে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৮। সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেন না।

০৯। কোন মৎস্যজীবী সমিতি/সংগঠন এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বে কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১০। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সমিতি/সংগঠনকে প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে ইজারার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

১১। জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ভিত্তিতে একটি মাত্র প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের আবেদন পাওয়া গেলেও উক্ত সমিতির অনুকূলে ইজারা প্রদান করা হবে। একাধিক সমিতি উপযুক্ত বিবেচিত হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সার্বিক বিবেচনার মাধ্যমে প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

১২। সময়মতো লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা কোন অনিয়ম পরিলক্ষিত হলে ইজারা বাতিলক্রমে জামানত বাজেয়াপ্তসহ পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

১৩। ইজারা গ্রহীতা কর্তৃক কোন প্রকারে জলমহাল সাবলীজ দেয়া যাবে না। সাবলীজ দেয়া হলে জামানতসহ ইজারা মূল্য বাজেয়াপ্ত করে পুনঃইজারা প্রদান করা হবে।

১৪। ইজারার ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ভবিষ্যতে প্রযোজ্য সকল নিয়ম-নীতি ইজারাদারের জন্য অবশ্যই পালনীয় হবে।

১৫। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে ইজারাদারের সকল অধিকার বিলুপ্ত হবে।

১৬। পরিবেশগত তথ্য সংগ্রহ ইত্যাদি কর্মকান্ড পরিচালনার জন্য জলমহালের উপর মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের অধিকার থাকবে।

১৭। ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ বা হিংস্র প্রাণির চাষ করা যাবে না।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

CS CamScanner

১৯। ইজারা বিজ্ঞপ্তিতে কোন রুপ ভুল পরিলক্ষিত হলে তা সংশোধনযোগ্য।

২০। জলমহাল ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

২১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী এবং সংশোধনসমূহের আলোকে সার্বিক কার্যাবলি সম্পাদিত হবে।

(নিলুফা ইয়াসমিন নিপা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রামগতি, লক্ষ্মীপুর।

স্মারক নং-৩১.৪২.৫১৭৩.০০০.৯৯.০০৮.২৬-২৪৯ তারিখ: ০৩ মার্চ, ২০২৬ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলো:**

০১) জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষ্মীপুর।
০৩) প্রশাসক, উপজেলা পরিষদ, রামগতি, লক্ষ্মীপুর।
০৪) সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা সমবায়/মৎস্য/কৃষি/সমাজসেবা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক কর্মকর্তা/অফিসার ইনচার্জ, রামগতি থানা, রামগতি, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৫) জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি জেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৬) প্রশাসক চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা (সকল), ইউনিয়ন পরিষদ, রামগতি, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭) উপজেলা আইসিটি অফিসার, রামগতি, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৮) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, চর রমিজ/চর বাদাম/চর আলগী/বড়খেরী/পৌর ইউনিয়ন ভূমি অফিস, রামগতি, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯) অত্রাফিস নোটিশ বোর্ড।

সহকারী কমিশনার (ভূমি) (অঃদাঃ)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রামগতি, লক্ষ্মীপুর।

CamScanner